

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.৩৫৩.২০১৬-২৬৭৬


তারিখ : ২৭/০৮/১৬

বিষয় : রীট পিটিশন নং-৪০১৫/২০১৬, বাদী জনাব মনোয়ারুল ইসলাম চৌধুরী মুকুল, সভাপতি, বাংলাদেশ মানবাধিকার কমিশন, কুতুবদিয়া, উপজেলা-কুতুবদিয়া, জেলা- কক্সবাজার-বনাম-সরকার ও অন্যান্য।

কক্সবাজার জেলার কুতুবদিয়া উপজেলাধীন বড়গোপ ইউনিয়নে অবস্থিত বড়গোপ বাজার ব্যবস্থাপনা কমিটি বিগত ৮ বছর ধরে বেইনী ভাবে পরিচালিত হয়ে আসছে বিধায় সরকারী বিধি মোতাবেক নতুন কমিটি গঠন সংক্রান্ত বিষয়ে উল্লিখিত বাদী কর্তৃক বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ৪০১৫/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে মামলাটি প্রতিদ্বন্দ্বিতার যাবতীয় ব্যবস্থা গ্রহন পূর্বক এ বিভাগকে অবহিত করতে হবে। ইংরেজিতে অনুচ্ছেদ ওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২ (দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।

  
(মোঃ ইশান আলী রাজা বাঙালী)  
উপসচিব

ফোন-৯৫৪০৯৯৫

E-mail : ishanaliraja@gmail.com

জেলা প্রশাসক  
কক্সবাজার।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া, কক্সবাজার।
- ২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।